যায়যায়দিন

তারিখ ... 06 JUN 2008
পৃষ্ঠা ৭ ... কলাম ... ৪

# প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের এক ঘণ্টা কর্মবিরতি পালন

যাযাদি রিপোর্ট

বেসরকারি সংস্থা ব্র্যাকের অধীনে শিক্ষকদের প্রশিক্ষণ নেয়ার সিদ্ধান্ত বাতিলের দাবিতে গতকাল প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা এক ঘণ্টা কর্মবিরতি পালন করেছেন।

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির ডাকে গতকাল দেশের ৩৮ হাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত এক ঘণ্টার কর্মবিরতি পালন করেন শিক্ষকরা।

সমিতির সভাপতি আবদুল আউয়াল তালুকদার বলেন, সারাদেশের প্রাথমিক স্কুলের শিক্ষকরা এক ঘণ্টা কর্মবিরতি পালন করেছেন। তিনি বলেন, জরুরি অবস্থা না থাকলে সারাদেশ থেকে তিন লাখ শিক্ষক ঢাকায় চলে আসতেন।

আজ এ বিষয়ে সিদ্ধান্ত নেয়ার জন্য কেন্দ্রীয় কমিটির মিটিং হবে বলে জানান তিনি। তিনি আরো জানান, আমরা কখনোই ব্র্যাকের অধীনে প্রশিক্ষণ নেবো না।

আজকের সভায় উপদেষ্টার পদত্যাগ দাবি ছাড়াও কালো পতাকা উত্তোলন, স্কুল পরিচালনা কমিটি, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের সঙ্গে মতবিনিময়, সামাজিক আন্দোলন গড়ে তোলা, ব্র্যাককর্মীদের প্রতিহত করা, প্রধান উপদেষ্টার কার্যালয় ঘেরাওসহ নানা কর্মসূচি আসছে বলে জানান শিক্ষক নেতারা। তবে ১০ জুনের মধ্যে দাবি আদায় হলে কর্মসূচি ঘোষণা করা হলেও তা প্রত্যাহার করা হবে।